

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৯

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৬. গর্তে পেশাব করা নিষেধ প্রসঙ্গে

باب النَّهْيِ عَنِ الْبَوْلِ فِي الْجُحْرِ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ عُمَرَ بْنِ مَيْسَرَةَ، حَدَّثَنَا مُعَاذُ بْنُ هِشَامٍ، حَدَّثَنِي أَبِي، عَنْ قَتَادَةَ، عَنْ عَبْدِ اللهِ بْنِ سَرْجِسَ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم نَهَى أَنْ يُبَالَ فِي الْجُحْرِ. قَالُوا لِقَتَادَةَ مَا يُكْرَهُ مِنَ الْبَوْلِ فِي الْجُحْرِ قَالَ كَانَ يُقَالُ إِنَّهَا مَسَاكِنُ الْجِنِّ. ضعيف : ضعيف الجامع الصغير ٦٣٢٤, ٦٠٠٣، الإرواء ٥٥

বাংলা

২৯। 'আব্দুল্লাহ ইবনু সারজিস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গর্তে পেশাব করতে নিষেধ করেছেন। লোকজন কাতাদাকে জিজ্ঞেস করল, গর্তে পেশাব করা কেন অপছন্দনীয়? তিনি বললেনঃ বলা হয়, এতে জিনেরা বসবাস করে।[1]

দুর্বল : আল-জামি'উস সাগীর ৬৩২৪, ৬০০৩, ইরওয়াউল গালীল ৫৫।

English

Narrated Abdullah ibn Sarjis:

The Prophet (ﷺ) prohibited to urinate in a hole.

Qatadah (a narrator) was asked about the reason for the disapproval of urinating in a hole. He replied: It is said that these (holes) are the habitats of the jinn.

ফুটনোট



[1] নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ গর্তে পেশাব করা অপছন্দনীয়, হাঃ ৩৪), আহমাদ (৫/৮২), হাকিম (১/১৮৬), বায়হাকী (১/৯৯)। হাদীসটির সানাদ দুর্বল। ইরওয়াউল গালীল গ্রন্থে রয়েছেঃ সনদে কাতাদাহ একজন মুদাল্লিস, তিনি তাদলীসকারী হিসেবে প্রসিদ্ধ। হাদীসটি তিনি 'আব্দুল্লাহ ইবনু সারজিস থেকে শুনেননি। স্বয়ং ইমাম হাকিম 'আল-মারিফাতু 'উলূমিল হাদীস' গ্রন্থে বলেনঃ কাতাদাহ হাদীসটি আনাস ব্যতীত অন্য কোনো সাহাবী থেকে শুনেননি। অতএব সানাদটি মুনকাতি'।

-

হাদীস থেকে শিক্ষাঃ

- ১। গর্তে পেশাব করা নিষেধ। গর্তে সাপ, বিচ্ছ, বিষাক্ত প্রাণী থাকলে তা পেশাবকারীর ক্ষতি করতে পারে।
- ২। গর্তে পেশাব করলে কোনো দুর্বল প্রাণী ক্ষতিগ্রস্ত হতে পারে।
- ৩। জ্বীনদের বসবাসের জায়গায় পেশাব করা নিষেধ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু সারজিস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন